



আগ্রাসন হলে কঠোর জবাব দেবে ইরান: আইআরজিসি



সংগৃহীত ছবি

যুক্তরাষ্ট্র বা ইসরায়েল নতুন করে কোনো হামলা চালালে তার জবাব প্রত্যাশার সীমা ছাড়িয়ে যাবে—এমন সতর্কবার্তা দিয়েছে ইরানের ইসলামী বিপ্লবী গার্ড কোর (আইআরজিসি)। রোববার (২৬ এপ্রিল) দেশটির রাষ্ট্রীয় সংবাদমাধ্যম আইআরএনএ এক প্রতিবেদনে এ তথ্য জানায়। আইআরজিসির এক বিবৃতিতে বলা হয়, ইরানের সশস্ত্র বাহিনীর নীরবতা দুর্বলতার প্রতিফলন নয়; বরং এটি কৌশলগত ও হিসাবকৃত অবস্থান। সংস্থাটি আরও জানায়, এই সংঘম যেকোনো সময় শেষ হতে পারে। তাদের ভাষায়, যদি যুক্তরাষ্ট্র ও ইসরায়েল আবারও ভুল সিদ্ধান্ত নিয়ে আগ্রাসী পদক্ষেপ নেয়, তবে সেটিই তাদের বিরুদ্ধে ভয়াবহ প্রতিক্রিয়ার সূচনা ডেকে আনবে। অন্যদিকে, পাকিস্তানের ইসলামাবাদ সফর শেষে হঠাৎ তেহরানে ফিরে গেছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। জানা গেছে, দেশে ফেরার এক দিনের মধ্যেই তিনি আবারও ইসলামাবাদে যাওয়ার পরিকল্পনা করেছেন। তবে ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে সরাসরি আলোচনা আপাতত স্থগিত রয়েছে।